**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যের ঐতিহাসিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে ভবিষ্যত প্রজন্মকে সচেতন করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ৪২ জন নবনিযুক্ত চিকিৎসকের হাতে নিয়োগপত্র তুলে দিলেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউপিআই'এর দশকব্যাপী সাফল্যের প্রশংসা করেছেন।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র এলিট ক্রিকেটে ফাইনালে উঠল সদর এবং বিশালগড়।**

*****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামী প্রজন্মের জন্য রাজ্যের ঐতিহাসিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলায় ২১ সেক্টর অসম রাইফেলসের আলফা অডিটোরিয়ামে তিনি আসাম রাইফেলসের রচিত "Tripura : The Land of Timeless Tales" শীর্ষক বইটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেন। রাজ্যপাল বলেন, এই পুস্তকে ত্রিপুরার বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যটনকেন্দ্র, সাংস্কৃতিক ঐতিহ্য, ইতিহাস এবং রাজ্যের অন্যান্য গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে। যা পর্যটকদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। পর্যটকরা পর্যটন কেন্দ্রে ঘোরার পাশাপাশি প্রাকৃতিক সান্নিধ্যে অ্যাডভেঞ্চার মূলক কর্মকান্ড যেমন রাফটিং, পর্বতারোহন, নৈশ ভ্রমণের অভিজ্ঞতা খুঁজে পাবেন।

ত্রিপুরার সমৃদ্ধ ঐতিহ্য, প্রাকৃতিক সৌন্দর্য এবং সাংস্কৃতিক বৈচিত্র্যকে তুলে ধরে এই ধরনের একটি গুরুত্বপূর্ণ বই প্রকাশে আসাম রাইফেলসের এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন রাজ্যপাল। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ব্রিগেডিয়ার নিশান্ত চন্দেল। অনুষ্ঠানে বইটির প্রকাশনায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য মেজর পূর্বা সিং এবং হাবিলদার নিতিন দাসকে রাজ্যপাল সংবর্ধিত করেন।

**************************

**CM-Appointment :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, রাজ্য সরকার ২০১৮-১৯ অর্থবছর থেকে এপর্যন্ত মোট ২২ হাজার ৩৬৫ জনকে সরাসরি নিয়োগ করেছে। তাছাড়া চুক্তির ভিত্তিতে ২৬ হাজার ২২৮ জনকে নিযুক্ত করা হয়েছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে নতুন চিকিৎসকদের নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে ৪২ জন নবনিযুক্ত চিকিৎসকের হাতে নিয়োগপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, রাজ্য সরকার সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করছে। স্বাস্থ্য পরিষেবা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, চিকিৎসা পরিষেবার পরিকাঠামোকে আরো শক্তিশালী করাই রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। চিকিৎসার জন্য যাতে মানুষকে রাজ্যের বাইরে যেতে না হয়, সেজন্য স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করতে সরকার একটি সামগ্রিক কর্মপরিকল্পনা নিয়ে কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে শিশুদের টিকাকরণের কাজ প্রায় ৯০ শতাংশ সম্পন্ন হয়েছে। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী দন্ত চিকিৎসক ও কমিউনিটি হেলথ অফিসারদের দুদিনব্যাপী প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবশ্রী দেববর্মা প্রমুখ।

**************************

**CM-TMC :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ড. বি আর আম্বেদকর টিচিং হাসপাতালের প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি চিকিৎসা পরিষেবায় চিকিৎসকদের সর্বোচ্চ দায়বদ্ধতা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। হাসপাতালে চিকিৎসা পরিষেবার সুস্থ পরিবেশ বজায় রাখতে চিকিৎসক ও রোগীর পরিজনদের মধ্যে সু-সম্পর্ক বজায় রাখতে তিনি পরামর্শ দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরন গিত্যে, চেয়ারম্যান সোসাইটি ফর ত্রিপুরা মেডিকেল কলেজ ডঃ প্রমথেশ রায়, সোসাইটির সি.ই.ও স্বপন সাহা ও কলেজের অধ্যক্ষ ডঃ অরিন্দম দত্ত প্রমুখ।

***************************

**Review Meeting-Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায়ের পৌরহিত্যে আজ সচিবালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি এবং জনকল্যাণমূলক প্রকল্পের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সরকারী বিভিন্ন প্রকল্পের সুফল সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে অঙ্গনওয়াড়ি কর্মীদের আরো নিষ্ঠার সঙ্গে কাজ করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

******************************

**CPI(M) :**

CPI(M)-এর সর্বভারতীয় সাধারন সম্পাদক এম. এ. বেবি আজ রাজ্য সফরে এসেছেন। আগরতলায় বিমান বন্দরে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করেন। শ্রী বেবি আজ আগরতলায় CPI(M) রাজ্য সম্পাদক মন্ডলীর বৈঠকে যোগ দিয়েছেন। আগামীকাল তিনি CPI(M) রাজ্য কমিটির বৈঠকে যোগ দেবেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM-UPI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেসের বা ইউপিআই'র দশকব্যাপী সাফল্যের প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় ইউপিআই-এর ভূমিকার কথা তুলে ধরে তিনি এটিকে দেশের ডিজিটাল অর্থনীতির যাত্রাপথে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে উল্লেখ করেছেন। দেশবাসীকে তাঁদের ইউপিআই অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, ইউপিআই-এর ব্যাপকতা এবং প্রসার এমন একটি বিষয় যা নিয়ে প্রত্যেক ভারতীয়ের গর্বিত হওয়া উচিত। ইউপিআই-এর অভূতপূর্ব পরিধি এবং নির্ভরযোগ্যতা আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে এবং তা বিশ্বের মোট এগারোটি দেশে চালু রয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সামাজিক মাধ্যমে দেশের আর্থিক রূপান্তরের পথ প্রশস্ত করার ক্ষেত্রে প্রধানমন্ত্রী মোদীর দূরদৃষ্টির একটি উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে ইউপিআই-কে তুলে ধরেছেন।

অর্থ মন্ত্রণালয় জানিয়েছে, ২০১৬-১৭ সালে ইউপিআই মাধ্যমে বার্ষিক লেনদেনের সংখ্যা ছিল মাত্র ১ কোটি ৭৮ লক্ষ, যার আর্থিক মূল্য ছিল ৭,০০০ কোটি টাকা। ২০২৫-২৬ সালে ২৪ হাজার ১৬২ কোটিরও বেশি ইউপিআই ভিত্তিক লেনদেন হয়েছে, যার আর্থিক মূল্য ছিল প্রায় ৩১৪ লক্ষ কোটি টাকা।

*****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum -এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামী ২৮শে আগষ্ট রাত ১১টা ৪৫ পর্যন্ত।

**************************

**CBC-ICOP :**

ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অব কমিউনিকেশন, আগরতলা ফিল্ড অফিসের উদ্যোগে আয়োজিত ইন্টিগ্রেটেড কমিউনিকেশন অ্যান্ড আউটরিচ প্রোগ্রামের দ্বিতীয় দিনের কর্মসূচি অনুষ্ঠিত হয়।

কর্মসূচির আওতায় 'নেশামুক্ত ভারত অভিযান', 'জনগণনা ২০২৭' এবং '১২ বছরের আস্থা, উন্নয়ন ও জনকল্যাণ'-এই তিনটি বিষয় নিয়ে

আলোচনা হয়। এই আলোচনায় মাদকবিরোধী সচেতনতা, জনগণনার গুরুত্ব এবং বিভিন্ন সরকারি জনকল্যাণমূলক উদ্যোগ তুলে ধরা হয়।

***************************

**NSA-China Visit :**

দেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল বেজিংয়ে চীনের বিদেশমন্ত্রী ওয়াং ই-র সঙ্গে বিশেষ প্রতিনিধি পর্যায়ের বৈঠক করেছেন। বৈঠকে সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখা এবং দ্বিপাক্ষিক সম্পর্ক আরও উন্নত করার বিষয়ে আলোচনা হয়। আগামী ১২ ও ১৩ই সেপ্টেম্বর নয়াদিল্লিতে ব্রিকস শীর্ষ সম্মেলনে চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সম্ভাব্য ভারত সফরের আগে এই বৈঠক তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। সফরকালে ডোভাল চীনের ভাইস প্রেসিডেন্ট হান ঝেং-এর সঙ্গেও সাক্ষাৎ করেন।

*************************

**Duleep Trophy :**

দলীপ ট্রফি ক্রিকেটে উত্তর-পূর্বাঞ্চলকে এক ইনিংস ও ২১০ রানে হারিয়েছে পূর্বাঞ্চল। বিসিসিআই সেন্টার অফ এক্সিলেন্স মাঠে আয়জিত ম্যাচের দ্বিতীয় ইনিংসে আজ ফলো অন করতে নেমে ১৪৬ রানে গুটিয়ে যায় উত্তর পূর্বাঞ্চল। দ্বিতীয় ইনিংসে পূর্বাঞ্চলের হয়ে ত্রিপুরার পেসার অভিজিৎ সরকার ২২ রান দিয়ে একটি উইকেট নিয়েছেন। দুই ইনিংসে মোট ছয় উইকেট নিয়েছেন তিনি।

*************************

**Senior Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র এলিট ক্রিকেটে ফাইনালে উঠল সদর এবং বিশালগড়। আজ পিটিএ মাঠে আয়োজিত প্রথম সেমিফাইনালে মোহনপুরকে চার উইকেটে হারিয়েছে বিশালগড়। মোহনপুর প্রথমে ব্যাট করতে নেমে ১৫০ রান করে।

জবাবে বিশালগড় ছয় উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়। টিআইটি মাঠে আয়োজিত দ্বিতীয় সেমিফাইনালে প্রথমে ব্যাট করতে নেমে তেলিয়ামুড়া ১০৭ রান করে। জবাবে ৩ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয় সদর। আগামী ২৭শে আগস্ট টিআইটি মাঠে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে।

*****************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তর ত্রিপুরা সহ নাগাল্যান্ড, মণিপুর ও মিজোরামে আগামী ২৯ ও ৩০শে আগষ্ট অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। তাছাড়া, ওই রাজ্যগুলিতে আগামী ২৭, ২৮ ও ৩১শে আগষ্ট ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২৪ ঘন্টায়  সিপাহীজলা ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************************